



মিডিয়ায় অবহেলিত প্রতিবন্ধী ব্যক্তির

সংবাদপত্র সমাজের আয়না। এ আয়নায় সমাজের ভেতরের চিত্র প্রতিফলিত হয়। মিডিয়া আজ অসম্ভব শক্তিশালী। তারা দুর্নীতি, সন্ত্রাসের খবর যেমন প্রকাশ করে, তেমনি অনেক সামাজিক আন্দোলনেরও নেতৃত্ব দিচ্ছে। এসিড সন্ত্রাস ও মাদকের বিরুদ্ধে, নারী অধিকার ও নারীর ক্ষমতায়নে মিডিয়া অসম্ভব ভালো ভূমিকা রাখছে। তুলনামূলক বিচারে প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়টি মিডিয়াতে অবহেলিত বলা চলে। দেশে সবচেয়ে পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মধ্যে প্রতিবন্ধী ব্যক্তির অন্যতম। তাদের অধিকার মানবাধিকার বিষয়ে মিডিয়া যদি আরো বেশি সোচ্চার হয় তবে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার আদায়ের লড়াই অনেক বেগবান হবে। গত কয়েক বছরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে অনেক। মিডিয়া যদি প্রতিবন্ধী ব্যক্তিদের ইস্যুতে আরো সচেতন হয়, আরো সরব হয় তবেই প্রতিবন্ধী ব্যক্তির খুব সহজে রাষ্ট্রীয় উন্নয়নের মূল স্রোতে ফিরতে পারবে। দেশের ১ কোটি ৪০ লাখ প্রতিবন্ধী জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মিডিয়া অন্যান্য ইস্যুর মতোই ভূমিকা পালন করবে বলে প্রতিবন্ধী ব্যক্তির মনে করেন।

বিটিভির একদিনের অনুষ্ঠান সূচি

সকাল ৭টা উদ্বোধনী ঘোষণা, ৭টা ৩৫ মিনিটে সুপ্রভাত বাংলাদেশ, ৮টায় সকালের সংবাদ, সকাল ৮টা ২৫ মিনিটে আর্কাইভস থেকে, সকাল ৯টা ১৫ মিনিটে বিদেশী ছায়াছবি, সকাল ৯টা ৪০ মিনিটে সংবাদ শিরোনাম, দুপুর ১২টায় দ্বিতীয় অধিবেশনের ঘোষণা, দুপুর ১২টা ১০ মিনিটে সংবাদ শিরোনাম, দুপুর ১২টা ১৫ মিনিটে সংবাদ পত্রের পাতা থেকে, দুপুর ১২.৩০ মিনিটে স্বাস্থ্য তথ্য বিষয়ক অনুষ্ঠান, দুপুর ১টা ৫ মিনিটে নাটক (পুনঃপ্রচার), দুপুর ২টায় সংবাদ শিরোনাম, দুপুর ২টা ৫ মিনিটে সঙ্গীত বিষয়ক অনুষ্ঠান, দুপুর ২টা ৩০ মিনিটে শিক্ষা ও বিজ্ঞান বিষয়ক চলচ্চিত্র, বিকাল ৩টায় খবর (ইংরেজি), বিকাল ৩টা ৫ মিনিটে অঞ্চল ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান, বিকাল ৩টা ৩০ মিনিটে জনসংখ্যা বিষয়ক অনুষ্ঠান, বিকাল ৪টায় সংবাদ শিরোনাম, বিকাল ৪টা ৫ মিনিটে শিশু কিশোরদের অনুষ্ঠান, বিকাল ৪টা ৩০ মিনিটে প্রকৃতি ও জীবন, বিকাল ৫টায় খবর, বিকাল ৫টা ৫ মিনিটে নতুন শিল্পীদের অনুষ্ঠান, বিকাল ৫টা ৫৫ মিনিটে সমকালীন অর্থনীতি, সন্ধ্যা ৬টায় খবর (দেশ জনপদ), সন্ধ্যা ৬টা ১০ মিনিটে রেসলিং, সন্ধ্যা ৭টায় নিউজ হেডলাইন, সন্ধ্যা ৭টা ৫ মিনিটে চিকিৎসা বিষয়ক অনুষ্ঠান, সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে ইংরেজি ছবি, রাত ৮টায় বাংলা সংবাদ, রাত ৮টা ৩০ মিনিটে ম্যাগাজিন, রাত ৯টায় ধারাবাহিক নাটক, রাত ১০টায় ইংরেজি খবর, রাত ১১টায় উচ্চাঙ্গ সঙ্গীতের অনুষ্ঠান, রাত ১১টা ৩০ মিনিটে রাতের সংবাদ, রাত ১২টা ৫ মিনিটে সমাপ্তি।



বাংলাদেশ টেলিভিশন ভবন

বাংলাদেশ বেতারের একদিনের অনুষ্ঠান সূচি

সকাল ৬টা ২৫ মিনিটে কৃষি সমাচার, সকাল ৬টা ৩০ মিনিটে ভোরের গান, সকাল ৭টায় বাংলা সংবাদ, সকাল ৭টা ২৫ মিনিটে জনসংখ্যা বিষয়ক অনুষ্ঠান সুখের ঠিকানা, সকাল ৭টা ৩০ মিনিটে সরকারের উন্নয়নমূলক অনুষ্ঠান, সকাল ৮টায় বাংলা সংবাদ। সকাল ৯টায় বাংলা সংবাদ, সকাল ১০টায় বাংলা সংবাদ, সকাল ১১টায় বাংলা সংবাদ, সকাল ১১টা ৩০ মিনিটে জনসংখ্যা বিষয়ক অনুষ্ঠান, দুপুর ২টা ৩৫ মিনিটে মহিলা বিষয়ক অনুষ্ঠান, বিকাল ৩টা ৫ মিনিটে জনসংখ্যা বিষয়ক অনুষ্ঠান, বিকাল ৩টা ৪৫ মিনিটে শিশুদের অনুষ্ঠান, বিকাল ৪টা ৫ মিনিটে আমার দেশ, বিকাল ৫টা ১০ মিনিটে পড়া বিষয়ক অনুষ্ঠান, ৬টা ৪৫ মিনিটে সোনালি ফসল, সন্ধ্যা ৭টা ৫ মিনিটে দেশ আমার মাটি আমার, সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে দূরবার, রাত ৮টা ৫ মিনিটে খেলাধুলার সংবাদ, রাত ৮টা ১০ মিনিটে সুখী সংসার, রাত ৯টায় উত্তরণ, রাত ৯টা ৩০ মিনিটে ইংরেজি সংবাদ, রাত ১০টায় মালঞ্চ, রাত ১০টা ৩০ মিনিটে পল্লীগীতি।

টিভি, বেতার জাতীয় সম্পদ। প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে এই সম্পদ কতটুকু কাজে আসছে

বাংলাদেশ টেলিভিশন ও বেতারের এক মাসের অনুষ্ঠান সূচি লক্ষ্য করে দেখা গেছে। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কোনো সময় বরাদ্দ নেই

সাংস্ঠাহিক ২০০০-এডিডি বাংলাদেশের যৌথ উদ্যোগ